# ইয়েমেনের মোখায় ড্রোন ভূপাতিতের দাবি হুতিদের



ছবি: সংগৃহীত

ইয়েমেনের তাইজ প্রদেশের মোখা বন্দর এলাকায় একটি সশস্ত্র নজরদারি ড্রোন ধ্বংস করার দাবি করেছে ইরান-সমর্থিত হুতি বিদ্রোহীরা। পশ্চিম ইয়েমেনের গুরুত্বপূর্ণ এই বন্দরনগরীর আকাশে ড্রোনটি ভূপাতিত করা হয়েছে বলে জানিয়েছে গোষ্ঠীটি।

হুতিদের সামরিক মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল ইয়াহিয়া সারি জানান, মোখার আকাশে ড্রোনটির গতিবিধি শনাক্ত করে হুতিদের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা। তাদের দাবি, ড্রোনটি সেখানে বৈরী উদ্দেশ্যে অভিযান চালাচ্ছিল। পরে উপযুক্ত অস্ত্রের মাধ্যমে সেটিকে লক্ষ্য করে হামলা চালানো হয়।

এদিকে ইয়েমেনের চলমান সংঘাতে সাম্প্রতিক সময়ে ড্রোনের ব্যবহার বেড়েছে বলে আল জাজিরাকে জানিয়েছেন একাধিক সূত্র। তাদের তথ্য অনুযায়ী, যুদ্ধরত পক্ষগুলো সামরিক স্থাপনা লক্ষ্য করে দূরনিয়ন্ত্রিত ড্রোন ও গোলাবারুদ ব্যবহার করে হামলা চালাচ্ছে।

চলতি মাসের শুরুতে আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারের অনুগত বাহিনীর বিরুদ্ধে হুতিদের বড় ধরনের সামরিক সাফল্যের পর ইয়েমেনের সংঘাত আবারও আন্তর্জাতিক পর্যায়ে আলোচনায় এসেছে।

LENS ASIA